অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিম্ন-আয়ের ইউটিলিটি গ্রাহকদের জন্য এনার্জি অ্যাফরডিবিলিটি গ্যারান্টি পাইলট কর্মসূচি ঘোষণা করেছেন

নিম্ন আয়ের পরিবারের জন্য বিদ্যুৎ বিলের বোঝা কমাতে উদ্ভাবনী পাইলট যা তাদের বাড়িগুলিকে সম্পূর্ণরূপে বিদ্যুতায়িত করে

নিশ্চিত করে যাতে পরিবারগুলিকে বিদ্যুৎ খরচের জন্য বার্ষিক আয়ের ছয় শতাংশের বেশি অর্থ প্রদান করতে না হয়

গভর্নর হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন (New York State Public Service Commission, PSC) এনার্জি অ্যাফরডিবিলিটি গ্যারান্টি (Energy Affordability Guarantee) পাইলট প্রোগ্রাম বাস্তবায়নের অনুমোদন দিয়েছে। PSC-এর সিদ্ধান্ত নিম্ন-আয়ের পরিবারের জন্য একটি এনার্জি অ্যাফরডিবিলিটি পাইলট প্রোগ্রামের নকশা এবং বাস্তবায়নের জন্য একটি পরিকল্পনা প্রদান করে যারা EmPower+ প্রোগ্রামের মাধ্যমে তাদের ঘর এবং জল গরম করার জন্য সম্পূর্ণরূপে বিদ্যুতায়ন করে। এই পাইলট প্রোগ্রাম আনুমানিক 1,000 EmPower+ প্রোগ্রাম অংশগ্রহণকারীদের উপযুক্ত বিল সহায়তা প্রদান করবে যাতে তাদের বার্ষিক পারিবারিক আয়ের ছয় শতাংশের বেশি বিদ্যুৎ খরচের জন্য পরিশোধ করতে না হয়।

"সাশ্রয়যোগ্যতা একটি শীর্ষ অগ্রাধিকার এবং আমরা নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িগুলিকে সাশ্রয়ীভাবে বিদ্যুতায়িত করতে সাহায্য করার জন্য অনেক প্রয়োজনীয় বিনিয়োগ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "এনার্জি অ্যাফোর্ডেবিলিটি গ্যারান্টির মাধ্যমে, আমরা স্টেট জুড়ে সবচেয়ে দুর্বল পরিবারগুলির জন্য ক্লিন এনার্জি গ্রহণের বাধাগুলি অতিক্রম করছি।"

2023 সালের স্টেট অফ দ্যা স্টেট (State of the State)-এ গভর্নর হোকল প্রথম এনার্জি অ্যাফরডিবিলিটি গ্যারান্টি প্রোগ্রামের রূপরেখা দিয়েছিলেন। বহু-বার্ষিক পাইলট প্রোগ্রামের জন্য অর্থায়ন 2025 অর্থ বছরে স্টেট বাজেটে 50 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দের মাধ্যমে প্রদান করা হয়।

গ্যারান্টির জন্য যোগ্য হওয়ার জন্য, গ্রাহকের বাড়িকে অবশ্যই নিম্ন-আয়ের প্রোগ্রামগুলির জন্য আয়ের যোগ্যতার মান পূরণ করতে হবে, যা স্টেটের গড় আয়ের 60 শতাংশের সমান বা তার

কম বার্ষিক পারিবারিক আয়ে সেট করা হয়; এবং গ্রাহককে অবশ্যই EmPower+ প্রোগ্রামের মাধ্যমে বিদ্যুতায়িত করতে হবে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) দ্বারা পরিচালিত EmPower+ প্রোগ্রাম, নিম্ন থেকে মাঝারি আয়ের পরিবারের জন্য বিনা খরচে এবং ভর্তুকিযুক্ত শক্তি দক্ষতা এবং ক্লিন এনার্জি আপগ্রেডগুলি প্রদান করে।

গ্যারান্টিটি নিম্ন আয়ের গ্রাহকদের জন্য এনার্জি অ্যাফরডিবিলিটি এবং ক্লিন এনার্জি সমাধানগুলিকে মোকাবেলা করার জন্য অন্যান্য বিভিন্ন নীতি এবং প্রোগ্রাম তৈরি করে। প্রথমত, PSC-এর 2016 সালে প্রতিষ্ঠিত একটি দীর্ঘস্থায়ী এনার্জি অ্যাফরডিবিলিটি নীতি রয়েছে, যা নিম্ন আয়ের গ্রাহকদের জন্য তাদের বার্ষিক পারিবারিক আয়ের 6 শতাংশের বেশি বিদ্যুতের বিলের জন্য যাতে পরিশোধ করতে না হয় তার লক্ষ্য নির্ধারণ করে। ইউটিলিটি এনার্জি অ্যাফরডিবিলিটি প্রোগ্রাম, যা প্রধান বৈদ্যুতিক এবং গ্যাস ইউটিলিটিগুলি দ্বারা পরিচালিত হয়, নিম্ন-আয়ের গ্রাহকদের মাসিক পর্যায় যুক্ত ডিসকাউন্টের মাধ্যমে বিল পরিশোধে সহায়তা প্রদান করে। উপরন্তু, স্টেট ব্যাপী নিম্ন থেকে মাঝারি আয়ের পোর্টফোলিও 2020 থেকে 2025 সাল পর্যন্ত বার্ষিক ভিত্তিতে ক্লিন এনার্জি সলিউশনে অ্যাক্সেস উন্নত করার জন্য আয়-যোগ্য পরিবারগুলিতে নির্দেশিত প্রায় 170 মিলিয়ন মার্কিন ডলারের শক্তি দক্ষতা উদ্যোগের প্রতিনিধিত্ব করে।

PSC সভাপতি রবি এম. ক্রিশ্চিয়ান বলেন, "নিউ ইয়র্কবাসীদের তাদের পরিবারের জন্য শক্তি সাশ্রয়ী সুযোগগুলিতে বিনিয়োগ করার জন্য আর্থিক সংস্থান প্রদানে গভর্নর হোকলের অঙ্গীকারকে আমি সাধুবাদ জানাই। এই প্রচেষ্টা নিম্ন-আয়ের পরিবারগুলির জন্য একটি গেম-চেঞ্জার হবে, কারণ আমরা আমাদের আবাসনের স্টক কার্বন মুক্ত করার সমান গুরুত্বপূর্ণ লক্ষ্যগুলির মধ্যে ভারসাম্য বজায় রাখতে চাই, পাশাপাশি নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য শক্তির সাশ্রয়যোগ্যতা বাড়াতে চাই।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট এবং সিইও ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আজকে অনুমোদিত এনার্জি অ্যাফোর্ডেবিলিটি গ্যারান্টি পাইলট সমস্ত বাসিন্দাদের সাশ্রয়ী মূল্যে ক্লিন এনার্জি ট্রানজিশনের সুবিধাগুলি অ্যাক্সেস করতে পারে তা নিশ্চিত করার জন্য নিউইয়র্কের অবিরাম প্রতিশ্রুতিকে দেখায়। প্রোগ্রামটি EmPower+-এর একটি আকর্ষণীয় সংযোজন, যা ব্যাখ্যা করে যে কীভাবে নিম্ন-মধ্যম আয়ের পরিবারগুলি আরামদায়ক, স্বাস্থ্যকর থাকার জায়গা উপভোগ করার সময়, কম এবং সামঞ্জস্যপূর্ণ শক্তি বিল থেকে উপকৃত হতে পারবে।"

নিউইয়র্ক সেক্রেটারি অফ স্টেট (New York Secretary of State) ওয়াল্টার টি. মোসলে বলেন, "জলবায়ু সংকট এবং সামর্থ্য আমাদের বাসিন্দাদের সম্মুখীন হওয়া সবচেয়ে বড় সমস্যাগুলির মধ্যে দুটি এবং গভর্নর হোকলের উদ্ভাবনী এনার্জি অ্যাফোর্ডেবিলিটি গ্যারান্টি পাইলট প্রোগ্রাম উভয়েরই সমাধান করতে সহায়তা করবে। এই নতুন প্রোগ্রাম নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীকে তাদের বাড়িগুলিকে সম্পূর্ণরূপে বিদ্যুতায়িত করার জন্য উৎসাহিত করে, যাতে তারা অর্থ সাশ্রয় করতে পারেন এবং একটি পরিবেশ বান্ধব নিউ ইয়র্ক স্টেটে অবদান রাখতে পারেন।"

অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসঅ্যাবিলিটি অ্যাসিসট্যান্স (Office of Temporary and Disability Assistance) কমিশনার বারবারা সি. গুইন বলেন, "এনার্জি অ্যাফোর্ডেবিলিটি গ্যারান্টি নিম্ন আয়ের পরিবারগুলিকে তাদের মাসিক ইউটিলিটি বিলগুলি বহন করতে সক্ষম করবে এবং জীবাশ্ম জ্বালানির উপর তাদের নির্ভরতা কমিয়ে তাদের বাড়িগুলিকে সম্পূর্ণ বিদ্যুতায়িত করবে। নিউইয়র্ক জলবায়ু পরিবর্তন মোকাবেলায় একটি জাতীয় নেতা হিসাবে অব্যাহত রয়েছে, এবং গভর্নর হোকল ঐতিহাসিকভাবে পিছিয়ে থাকা এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলি যাতে এই পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগ থেকে উপকৃত হতে পারে তা নিশ্চিত করার গুরুত্ব স্বীকার করেছেন।"

পাবলিক ইউটিলিটি ল প্রজেক্ট (Public Utility Law Projec, PULP)-এর নির্বাহী পরিচালক এবং কাউন্সেল লরি হুইলক বলেন, "এর প্রবর্তন থেকে, PULP দীর্ঘ সময় ধরে EmPower+ প্রোগ্রামে চ্যাম্পিয়ন হয়ে আসছে। নিম্ন-আয়ের পরিবারগুলিকে খুব বেশি বিদ্যুতের বিল পরিশোধ করার অসুবিধা দুর করতে এক হাজার অংশগ্রহণকারীকে অত্যন্ত প্রয়োজনীয় স্বস্তি প্রদান করার জন্য আমরা এখন এই পাইলটের মাধ্যমে এনার্জি অ্যাফোর্ডেবিলিটি গ্যারান্টিকে হাতে-কলমে কাজ করতে দেখে রোমাঞ্চিত। PULP এই প্রচেষ্টাগুলির নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নরকে প্রশংসা করে যা আমাদের জলবায়ু সংক্রান্ত লক্ষ্যগুলিকে এগিয়ে নিতে সহায়তা করবে এবং স্টেট জুড়ে দুর্বল পরিবারগুলিকে বাস্তব, স্পষ্ট সুবিধা প্রদান করবে। আমরা আরও নিউ ইয়র্কবাসীদের কাছে এই প্রয়োজনীয় প্রোগ্রামগুলিকে শক্তিশালী এবং প্রসারিত করতে স্টেটের সাথে আমাদের কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

এএআরপি নিউ ইয়র্ক স্টেট (AARP New York State) ডিরেক্টর বেথ ফিনকেল বলেন, "যারা তাদের ক্রমবর্ধমান ইউটিলিটি বিল পরিশোধ করতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন তাদের জন্য বিদ্যুৎকে আরও সাশ্রয়ী করে তোলার জন্য AARP গভর্নর হোকল এবং পাবলিক সার্ভিস কমিশনের নেতৃত্বকে সাধুবাদ জানায়। EmPower+ এর মতো প্রোগ্রামগুলি ভবিষ্যতের শক্তি নীতির জন্য একটি মজবুত মডেল হিসাবে কাজ করবে যা শুধুমাত্র নিম্ন-আয়ের পরিবারকেই নয় বরং প্রান্তিক চাহিদা পূরণকারী সেই মধ্যবিত্ত পরিবারগুলিকেও সহায়তা করতে পারবে।"

মে মাসে, গভর্নর হোকল ঘোষণা করেছিলেন দেশের মধ্যে নিউ ইয়র্ক স্টেট হল মুদ্রাস্ফীতি কমানোর আইন (Inflation Reduction Act, IRA) হোম ইলেকট্রিফিকেশন এবং অ্যাপ্লায়েন্স রিবেট (Home Electrification and Appliance Rebates, HEAR) এর প্রথম পর্যায়ের প্রস্তাব করা প্রথম স্টেট। প্রাথমিক 39.6 মিলিয়ন মার্কিন ডলারের ফর্মুলা অনুদানটি আরো নিম্ন আয়ের পরিবারকে তাদের বাসার শক্তি দক্ষতা উন্নত করতে এবং বৈদ্যুতিকরণের উন্নয়ন করতে দিয়ে নিউ ইয়র্কের EmPower+ কর্মসূচির আওতা সম্প্রসারিত করেছে, এর ফলে তাদের বিদ্যুতের খরচ হ্রাস পেয়েছে এবং তাদের বাড়িতে জীবাশ্ম জ্বালানি পোড়ানো থেকে তারা সরে এসেছে। HEAR এবং HER ইনসেনটিভের সম্পূর্ণ সুযোগের জন্য 14 জুন, NYSERDA এনার্জি বিভাগের কাছে আবেদন জমা দিয়েছে, যা মধ্যম আয়ের বাসিন্দাদের এবং বৃহত্তর নিম্ন- এবং মাঝারি-আয়ের বহু-পরিবার বিল্ডিংয়ের মালিকদের জন্য IRA রিবেট সেইসাথে যন্ত্রপাতির জন্য খুচরা পয়েন্ট-অফ-সেল (point-of-sale, POS) তহবিল অফার সম্প্রসারণ করবে।

PSC আশা করে যে পাইলট প্রোগ্রামটি নিম্ন আয়ের পরিবারের বিদ্যুৎ খরচের বোঝা বৃদ্ধি হ্রাস করার পাশাপাশি ক্রমবর্ধমান বিদ্যুৎ খরচ এবং বিভিন্ন গ্রাহক এবং হাউজিং প্রোফাইল জুড়ে অপারেটিং হিট পাম্পের সাথে সম্পর্কিত খরচের মতো বিদ্যুতায়ন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যের ঘাটতি পূরণ করবে। এই অন্তর্দৃষ্টিগুলি সবচেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের জন্য শক্তির সাশ্রয়যোগ্যতা এবং ভোক্তা সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়ার সময় আবাসন খাতের কার্বন মুক্তকরণকে উন্নীত করার জন্য বৃহত্তর কৌশলগুলি অবহিত করবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। গ্রিনহাউজ গ্যাস নিঃসরণকে 1990 সালের মাত্রার তুলনায় 2030 সালের মধ্যে 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশে হ্রাস করার জন্য দেশের সবথেকে আগ্রাসী কিছু জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের দ্বারা নির্দেশিত হয়ে নিউ ইয়র্ক প্রয়াসের একটি সমাহারকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ প্রোগ্রাম (New York Cap-and-Invest program, NYCI) এবং অন্যান্য সম্পূরক নীতিমালা। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলোএবং অন্যান্য বিনিয়োগ 2022 সাল পর্যন্ত নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এর বেশি চাকরিকে সমর্থন করছে এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধি হয়েছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন